গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bfa.gov.bd

নং-১৫.৫৮.০০০০.১০৩.০৬.৪০৭.০৩(অংশ-৪).৩১১

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মে, ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :**

| | |
|---|---|
| সভাপতি | মো. আবদুল জলিল, মহাপরিচালক |
| সভার তারিখ | ১৩ মে, ২০২৫ খ্রি. |
| সভার সময় | সকাল ০৯.০০টায় |
| স্থান | সভাকক্ষ, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইতোপূর্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ওপর কারো কোনো মতামত/সংশোধনীর প্রস্তাব থাকলে তা অবহিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান। এ পর্যায়ে বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় শাখাভিত্তিক অনিষ্পন্ন বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**(ক) ফিল্ম ও অপারেশন শাখা**

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | চলচ্চিত্র/তথ্যচিত্র/ প্রামান্যচিত্র/ ফিল্ম মিউজিয়ামের সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ ও সংরক্ষণ | চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, এপ্রিল, ২০২৫ মাসে কোন চলচ্চিত্র সংগ্রহ নেই।<br>এপ্রিল, ২০২৫ মাসে ফিল্ম মিউজিয়ামের জন্য ১. নাট্যকার, নাট্য নির্দেশক, নাট্য শিল্পী অধ্যাপক ড. ইনামুল হক এর মানপত্র, পাঞ্জাবী, ফতুয়া, টুপি, গেঞ্জি, পি এইচ ডি এর সার্টিফিকেট, শ্রেষ্ঠ নাট্যকার টিভি নাটক গৃহবাসী বাচসাস পুরস্কার ১৯৮৩, একুশে পদক ২০১২, রিসার্চ পেপার, বিভিন্ন ধরনের এ্যাওয়ার্ড ১০ টি, বেল্ট, হাত ঘড়ি, লাঠি, চশমা, গ্যালিস, মোবাইল, কলম, রুমাল, বিভিন্ন আইডি কার্ড। ২. নাট্যকার, নাট্য নির্দেশক, নাট্য শিল্পী লাকি ইনাম এর একুশে পদক, শিল্পকলা পদক, নাটক ও নাটকের ব্রসিয়ার, নাটকের ক্যাসেট ইউমেটিক ০৯ টি, বিভিন্ন নাটকে অভিনীত বিশেষ মুহূর্তের বাধাই করা ছবি ১৮ টি সংগ্রহ করা হয়েছে | সংগ্রহ ও সংরক্ষণ কাজ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/আর্কাইভ), ফিল্ম অফিসার |
| ২। | চলচ্চিত্র, তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র, সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর | ফিল্ম ভল্টে রক্ষিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর করার বিষয়ে সভায় অবহিত করা হয়। এপ্রিল, ২০২৫ মাসে ০২টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র (মাতৃত্ব ও পঁয়সা ) এবং ০৫টি তথ্যচিত্র/ প্রামাণ্যচিত্র/সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর হয়েছে মর্মে জানানো হয়। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএই-১ |

**(খ) হিসাব শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | বাজেট বাস্তবায়ন | ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বাজেট বরাদ্দ ৯ কোটি ৬৯ লক্ষ টাকা। ২০২৪-২৫ অর্থবছরের এপ্রিল, ২০২৫ মাস পর্যন্ত ব্যয় হয়েছে ৬ কোটি ৪৬ লক্ষ ৩৫ হাজার ১০৮ টাকা, যা মূল বাজেটের ৬৭.০৮%। | নির্ধারিত সময়ের মধ্যে বাজেট বাস্তবায়ন ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (আর্কাইভ) এবং হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৪। | অভ্যন্তরীণ পরিষেবা থেকে আয় | ২০২৪-২৫ অর্থবছরের এপ্রিল, ২০২৫ মাস পর্যন্ত বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বই বিক্রি, হল ভাড়া ও ফুটেজ বিক্রি বাবদ মোট ৪,৮০,৪৬৯/- টাকা আয় হয়েছে, যা প্রাক্কলিত মোট আয়ের ১২.৮১%। | আয়কৃত অর্থ নিয়ম মোতাবেক সরকারি কোষাগারে জমা দিতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), হিসাবরক্ষণ কর্মকর্তা |

**(গ) লাইব্রেরি শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৫। | গবেষণা/ পুস্তক ও জার্নাল মুদ্রণ | ক) ২০২৪-২৫ অর্থবছরের চূড়ান্ত পান্ডুলিপি মূল্যায়নের জন্য বিশেষজ্ঞ কমিটির সম্মানিত সদস্যগণের নিকট প্রেরণ করা হয়েছে।<br><br>খ) ২০ ও ২১ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখে ২০২৫-২৬ অর্থবছরের গবেষণা ফেলো নির্বাচনের জন্য গবেষণা প্রস্তাবকারীর সাক্ষাৎকার অনুষ্ঠিত হয়েছে। | ক) ২০২৪-২৫ অর্থবছরের চূড়ান্ত পান্ডুলিপিসমূহের মূল্যায়ন বিষয়ক আলোচনার জন্য বিশেষজ্ঞ কমিটির সভা আহ্বান করতে হবে।<br><br>খ) পরবর্তী সভায় গবেষণা প্রস্তাবকারীর চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/ আর্কাইভ), স্টোর অফিসার, লাইব্রেরিয়ান এবং সহকারি লাইব্রেরিয়ান |

**(ঘ) মেইনটেন্যান্স শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৬। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন এবং ভবনে স্থাপিত ইলেক্ট্রো-মেকানিক্যাল যন্ত্রপাতি মেইনটেন্যান্স সংক্রান্ত কাজ | এপ্রিল ২০২৫ মাসে দপ্তরের ০৩টি লিফটের পিরিয়ডিক সার্ভিসিং, ৭ম তলার ওয়াটার পিউরিফায়ার সার্ভিসিং, সাব-স্টেশনের থাই জানালা মেরামত, ল্যাব-৩ এ ইন্টারনেট রাউটার স্থাপন, আনসার ক্যাম্পে সুইচ, লাইট ও মাল্টিসকেট স্থাপন কাজ করা হয়েছে। এছাড়া, লাইব্রেরি শাখায় কালার প্রিন্টার ক্রয় ও সিসিটিভি সিস্টেমের মনিটর ক্রয় করা হয়েছে। ফিল্ম ভল্টসমূহের সাব-ডিস্ট্রিবিউশন বোর্ড সার্ভিসিংসহ ৪° সে. ভল্টের ইনডোর ড্রেন লাইন ব্লকেজ মেরামত, -৮° সে. ভল্টের ২টি কন্ডেনসার ফ্যান, ০২টি ক্যাপাসিটর, ০১টি ম্যাগনেটিক কন্ডাক্টর ও ১৩টি ফিউজ পরিবর্তন এবং গ্যাস চার্জ করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধানে ওয়াচ-টাওয়ার নির্মাণের কাজ চলমান রয়েছে। গণপূর্ত অধিদপ্তর হতে ছাদের লিকেজ, বাউন্ডারী দেয়ালে কাঁটাতার স্থাপনসহ আনুষাঙ্গিক কাজের প্রাক্কলন ব্যয় সংগ্রহ করা হয়েছে। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বৈদ্যুতিক সাবস্টেশন, ফায়ার ডিটেকশন-প্রটেকশন সিস্টেম, লিফট সিস্টেম, সিসিটিভি সিস্টেম, আইপি-পিবিএক্স সিস্টেম, ফিল্ম ভল্টসমূহ ও সেন্ট্রাল এসির নিয়মিত পর্যবেক্ষণ, মেরামত, সার্ভিসিং বা রক্ষণাবেক্ষণ সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। গণপূর্ত অধিদপ্তরে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরী ও গবেষণা/আর্কাইভ), এসএই-(সকল) |

**(ঙ) প্রশাসন শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৭। | সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস | জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা অনুসারে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের পত্রের প্রেক্ষিতে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ২২ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখের পত্র মোতাবেক 'বাংলাদেশ ফিল্ম আর্কাইভ (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০২৪' প্রণয়নের নিমিত্ত ১০ সেট প্রস্তাব প্রেরণ করা হয়েছিল।<br><br>এমতাবস্থায়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২২ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখের পত্রের চাহিদা মোতাবেক 'বাংলাদেশ ফিল্ম আর্কাইভ (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০২৫' প্রণয়নের নিমিত্ত নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি ১২ (বারো) সেট পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পুনরায় প্রেরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে এ বিষয়ে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (আর্কাইভ), এসএই-(সকল), প্রশাসনিক কর্মকর্তা |
| ৮। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | APA বিষয়ক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিয়ে সভায় আলোচনা হয়। ২০২৪-২৫ অর্থবছরের এপিএ সংশোধন এবং পরবর্তী কার্যক্রমের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। এছাড়া, শুদ্ধাচার, উদ্ভাবন, অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা হয়। | ২০২৪-২৫ অর্থবছরের এপিএ কার্যক্রমের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএই-২, প্রশাসনিক কর্মকর্তা |
| ৯। | ওয়েবসাইট হালনাগাদকরণ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। প্রত্যেক শাখার হালনাগাদকরণযোগ্য তথ্য মাসিক ও ত্রৈমাসিকভিত্তিতে সিস্টেম এডমিনকে প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএই-২ |
| ১০। | ডি-নথির ব্যবহার | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সকল কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ উদ্যোগের ধারাবাহিকতায় এপ্রিল, ২০২৫ মাসে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ডি-নথির ব্যবহার ১০০% হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। এজন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | ১০০% ডি-নথি কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে সচেষ্ট থাকতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (সকল), সকল শাখার প্রধান, এসএই-২, প্রশাসনিক কর্মকর্তা |
| ১১। | বিদ্যুৎ ব্যবহারে কৃচ্ছ্রসাধন | বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়, কৃচ্ছ্রসাধন, লাইট, ফ্যান, ইত্যাদি সঠিকভাবে বন্ধ করার মাধ্যমে ইউটিলিটি খাতে ব্যয় সীমিত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, এ বিষয়ে সরকারি নির্দেশনা সম্পর্কে সকল কর্মকর্তা ও কর্মচারীকে অফিস আদেশের মাধ্যমে অবহিত করা হয়েছে। বিদ্যুতের কৃচ্ছ্রসাধনের জন্য পুরো ভবনকে ০৫টি ব্লকে বিভক্ত করে আলাদা সাবমিটার চালু রয়েছে। | অফিস চলাকালীন রুমে কেউ না থাকলে এবং অফিস ত্যাগ করার সময় সকল রুমের লাইট, ফ্যান, পানির কল ইত্যাদি বন্ধ করতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (সকল), দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী |

**(চ) প্রকল্প বাস্তবায়ন**

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রকল্প বাস্তবায়ন | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ 'দেশী ও বিদেশী উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক উন্নয়ন প্রকল্পটি বাস্তবায়ন করছে। ৬২.৬৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটির সংশোধিত বাস্তবায়নকাল জুলাই, ২০২১ হতে জুন, ২০২৫ পর্যন্ত। জুন, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ১৫.৯৩ কোটি টাকা। চলতি ২০২৪-২০২৫ অর্থবছরের আরএডিপিতে ৪.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এ পর্যন্ত ৩.৭৫ কোটি টাকা অবমুক্ত করা হয়েছে। এপ্রিল/২০২৫ পর্যন্ত ব্যয় ৮৩.৭৭ লক্ষ টাকা, যা আরএডিপি বরাদ্দের ২০.৯৪% ও অবমুক্তকৃত অর্থের ২২.৩৬%। জুন/২০২৪ পর্যন্ত বিশ্বের বিভিন্ন উৎস হতে মুক্তিযুদ্ধ সম্পর্কিত ৪৩৫টি অডিও ভিজ্যুয়াল ফুটেজ/ডকুমেন্টারি সংগ্রহ করা হয়েছে। এ পর্যন্ত বীর মুক্তিযোদ্ধাদের সাক্ষাৎকারভিত্তিক ৩২৮টি ডকুমেন্টারি তৈরি করা হয়েছে। মুক্তিযুদ্ধ সম্পর্কিত ২৩৯৪ ধরনের পুস্তক ও জার্নাল ক্রয় করা হয়েছে। এছাড়া, বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ডিপিপির তালিকাভুক্ত ২০ ক্যাটাগরির অফিস যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। সর্বশেষ প্রকল্প বাস্তবায়ন কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ১টি ডিজিটাল সিনেমা প্রজেক্টর স্থাপনের কার্যসমাপ্তির সময়সীমা ৩০.০৪.২০২৫ খ্রি. পর্যন্ত বৃদ্ধি করা সত্ত্বেও এখন পর্যন্ত সরবরাহকারী প্রতিষ্ঠান সরবরাহ করতে সক্ষম হয়নি। এ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতি যথাক্রমে ২৬.৭৫% ও ৩২%।<br><br>প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি সমাপনের প্রস্তাব আরডিপিপি ছকে ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জুন/২০২৫ এর মধ্যে প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে সমাপ্ত করা হবে। | ডিজিটাল সিনেমা প্রজেক্টর দ্রুত সরবরাহপ্রাপ্তি ও স্থাপন নিশ্চিত করার লক্ষ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী |
| ১৪। | 'দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান-২০২৪ এর অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ' শীর্ষক নতুন প্রকল্প প্রস্তাব | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ২০.১১.২০২৪ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী 'দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণ অভ্যুত্থান-২০২৪ এর অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ' শীর্ষক একটি নতুন প্রকল্প প্রস্তাব ১৫.১২.২০২৪ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রকল্পটির মূল কার্যক্রম হচ্ছে (১) দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান-২০২৪ এর অডিও-ভিজ্যুয়াল ফুটেজ সংগ্রহ, (২) সাক্ষাৎকারভিত্তিক ডকুমেন্টারি ২০০টি, (৩) ইন্টারেক্টিভ ডিজিটাল আর্কাইভ ১টি এবং (৪) গণঅভ্যুত্থান বিষয়ক বিশেষায়িত ফিল্ম মিউজিয়াম স্থাপন এবং (৫) আর্কাইভিং ফ্যাসিলিটি ও প্রদর্শন ব্যবস্থা আধুনিকায়ন। নতুন অঙ্গ সংযোজনের পর প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪,৬৮২.০০ (বৈ. মু. ৮৫০.০০) লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে।<br><br>প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি চলতি অর্থবছরের আরডিপিতে সবুজ পাতায় অন্তর্ভুক্ত রয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে সবুজ পাতায় অন্তর্ভুক্তকরণের জন্য ২৮.০৪.২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির সভায় সুপারিশপ্রাপ্ত হয়েছে। এছাড়া, প্রকল্পের জনবল নির্ধারণের বিষয়ে অর্থবিভাগের সুপারিশ পাওয়া গেছে। প্রকল্পটি অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনে গত ২৫.০২.২০২৫ তারিখে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার সিদ্ধান্ত এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে গত ২৩.০৪.২০২৫ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের নতুন অঙ্গ সংযোজন সংক্রান্ত পর্যালোচনা সভার সিদ্ধান্ত প্রতিপালনপূর্বক পুনর্গঠিত ডিপিপি ০৭.০৫.২০২৫ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | প্রকল্প অনুমোদনের বিষয়টি ত্বরান্বিত করার লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী |

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/০৫/২০২৫

মো. আবদুল জলিল
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৪১০২৪৬৩৬
Email: dg@bfa.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৩। পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৪। পরিচালক-২, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৫। উপপরিচালক (সকল), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৬। সকল কর্মকর্তা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৭। সিস্টেম এডমিন, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৯। অফিস নথি।